## অধ্যায় ১৩

## বাংলাদেশের জনসংখ্যা

- **অধ্যায়টি পড়ে জানতে পারব**
  - বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির ধারা
  - জনসংখ্যা ঘনত্বের প্রেক্ষাপটে বাংলাদেশের অবস্থান
  - জনসংখ্যা বৃদ্ধির সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় ও অন্যান্য কারণসমূহ
  - জনসংখ্যা বৃদ্ধির ক্ষতিকর প্রভাব

- **অধ্যায়টির মূলভাব জেনে নিই**

জনসংখ্যা বেশি হলে পরিবার আর পরিবেশের উপর খারাপ প্রভাব পড়ে। বর্তমানে বাংলাদেশের প্রতি বর্গকিলোমিটারে ১০১৫ জন মানুষ বাস করে। এদেশের জনসংখ্যার ঘনত্ব আমাদের প্রতিবেশী কয়েকটি দেশসহ বিশ্বের অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি। সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় ও অন্যান্য নানা কারণে বাংলাদেশের জনসংখ্যা আজ বিস্ফোরণে রূপ নিয়েছে। অতিরিক্ত এই জনসংখ্যার কারণে বাংলাদেশের মানুষ আজ নানা ধরনের সমস্যায় ভুগছে। তাই বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কমাতে হবে। তবেই আমরা একটি সুন্দর সমাজ গড়তে পারব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

- **অল্প কথায় উত্তর দাও :**

**১. বাংলাদেশে বর্তমানে বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার কত?**

**উত্তর :** বাংলাদেশে বর্তমানে বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার ১.২%।

**২. বর্তমানে জনসংখ্যার ঘনত্ব কত?**

**উত্তর :** বর্তমানে জনসংখ্যার ঘনত্ব ১০১৫ জন।

**৩. জনসংখ্যার ঘনত্বের ভিত্তিতে বর্তমানে পৃথিবীতে বাংলাদেশের অবস্থান কত?**

**উত্তর :** জনসংখ্যার ঘনত্বের ভিত্তিতে বর্তমানে পৃথিবীতে বাংলাদেশের অবস্থান এগারোতম।

**৪. অতিরিক্ত জনসংখ্যার একটি সামাজিক কারণ উল্লেখ কর।**

**উত্তর :** অতিরিক্ত জনসংখ্যার একটি সামাজিক কারণ হলো শিক্ষার অভাব।

- **প্রশ্নগুলোর উত্তর দাও :**

**১. পরিবেশের উপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব কী কী?**

**উত্তর :** আমাদের চারপাশে যা কিছু আছে সব কিছু নিয়ে গড়ে ওঠে পরিবেশ। অতিরিক্ত জনসংখ্যা সবসময় পরিবেশের জন্য ক্ষতিকর। নিম্নে পরিবেশের উপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব উল্লেখ করা হলো।

র. জনসংখ্যা বৃদ্ধির ফলে পরিবেশ দূষণের মাত্রাও বৃদ্ধি পায়।

রর. অতিরিক্ত গাছপালা কাটার ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট হয়ে যায়।

ররর. অতিরিক্ত জনসংখ্যার জন্য অতিরিক্ত খাদ্যের চাহিদা পূরণের লক্ষ্যে কৃষিজমিতে কীটনাশক ব্যবহার করা হয়, যা আমাদের জন্য ক্ষতিকর।

রা. ভূ-গর্ভের পানি অতিরিক্ত উত্তোলনের ফলে ভূমিধসের আশঙ্কা দেখা দেয়।

ı. ঘনবসতি এলাকায় বিভিন্ন প্রকার বর্জ্য মাটিতে মিশে মাটিকে দূষিত করে।

**২. পরিবারে শিশুর সংখ্যা কম থাকলে কী কী হতে পারে?**

**উত্তর :** বাংলাদেশের জাতীয় শিশুনীতি অনুসারে ১৮ বছরের কম ছেলে-মেয়েদেরকে শিশু বলা হয়। পরিবারে শিশুর সংখ্যা কম থাকলে নিম্নোক্ত অবস্থা তৈরি হয় :

র. শিশুরা প্রয়োজনীয় খাবার খেতে পারে বলে অপুষ্টিতে ভোগার সম্ভাবনা থাকে না।

রর. বাবা-মা যথাযথভাবে শিশুর শিক্ষার অধিকার নিশ্চিত করতে পারেন।

ররর. শিশুর কোনো অসুখ হলে বাবা-মা দ্রুত ও উন্নত চিকিৎসার ব্যবস্থা করতে পারেন।

রা. শিশুর মানসিক বিকাশে উপযুক্ত পরিবেশ তৈরি করা সম্ভব হয়।

ı. শিশুর সংখ্যা কম হলে তারা ঠিকভাবে খেলাধুলা করতে পারে। এর ফলে শিশুর অপরাধমূলক কাজে জড়িয়ে পড়ার কোনো সম্ভাবনা থাকে না।

শিশুর জন্ম পরিবারের জন্য আনন্দদায়ক ঘটনা। এই কারণে পরিবারে শিশুর সংখ্যা কম হলে সেই আনন্দ সবাই উপভোগ করতে পারে।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

❑ **বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ :**

| | |
|---|---|
| ক) অতিরিক্ত জনসংখ্যার কারণে | তৃতীয়। |
| খ) বাংলাদেশের ঘনত্বের বিচারে সিঙ্গাপুর | এগারোতম। |
| গ) বাংলাদেশের জনসংখ্যা ৩৭ বছরে হয়ে গেছে | মানুষ কাজ পায় না। |
| ঘ) বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির কারণ | শিক্ষার অভাব। |
| ঙ) জনসংখ্যা বৃদ্ধির সামাজিক কারণ হলো | প্রায় দ্বিগুণ। |
| | বহু বিবাহ। |

**উত্তর :**

ক) অতিরিক্ত জনসংখ্যার কারণে **মানুষ কাজ পায় না।**

খ) জনসংখ্যা ঘনত্বের বিচারে সিঙ্গাপুর **তৃতীয়।**

গ) বাংলাদেশের জনসংখ্যা ৩৭ বছরে হয়ে গেছে **প্রায় দ্বিগুণ।**

ঘ) বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির কারণ **শিক্ষার অভাব।**

ঙ) জনসংখ্যা বৃদ্ধির সামাজিক কারণ হলো **বহু বিবাহ।**

❑ **শুদ্ধ/অশুদ্ধ নির্ণয় কর :**

ক) ২০১২ সালে বাংলাদেশের জনসংখ্যা প্রায় ১৫ কোটি ছিল।

খ) প্রতিবেশী দেশের তুলনায় বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কম।

গ) বাল্যবিবাহ জনসংখ্যা বৃদ্ধির অর্থনৈতিক কারণের মধ্যে পড়ে।

ঘ) পরিবারে অভাবের কারণে অনেক শিশু কাজে যোগ দেয়।

ঙ) পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতার অভাব রয়েছে।

**উত্তর : ক)** 'শুদ্ধ' **খ)** 'অশুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'শুদ্ধ'।

❑ **উপযুক্ত শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর :**

ক. একটি দেশে প্রতি বর্গকিলোমিটারে যতজন লোক বাস করে তাকেই বলে ——।

খ. বাংলাদেশের জনসংখ্যা ৩৭ বছরের মধ্যে প্রায় —— হয়ে গেছে।

গ. অতিরিক্ত জনসংখ্যার কারণে বাংলাদেশে বিভিন্ন ধরনের —— হচ্ছে।

ঘ. বাংলাদেশের জনসংখ্যার প্রায় —— নারী।

ঙ. অতিরিক্ত জনসংখ্যার ফলে পরিবেশ —— হয়।

**উত্তর : ক.** জনসংখ্যার ঘনত্ব; **খ.** দ্বিগুণ; **গ.** সমস্যা; **ঘ.** অর্ধেক; **ঙ.** দূষিত।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির ধারা

➲ সাধারণ

**১. ২০১১ সালের হিসাব অনুসারে, বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন মানুষ বাস করে?** খ

ক ৯৬০ জন খ ১০১৫ জন
গ ১২২৫ জন ঘ ১২৮৫ জন

**২. বাংলাদেশের জনসংখ্যা ৩৭ বছরে কত গুণ হয়েছে?** খ

ক প্রায় দেড় গুণ খ প্রায় দ্বিগুণ
গ প্রায় তিন গুণ ঘ প্রায় চার গুণ

**৩. জনসংখ্যার ঘনত্বের দিক থেকে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?** ঘ

ক অষ্টম খ নবম
গ দশম ঘ এগারোতম

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** অতিরিক্ত জনসংখ্যার কুফল সম্পর্কে জানতে পারব।

**৪. তোমার এলাকায় জনসংখ্যা বৃদ্ধি পেলে কোন ঘটনাটি ঘটবে?** খ

ক খাদ্য সংকট তৈরি হবে
খ অপরাধ বৃদ্ধি পাবে
গ কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে
ঘ অতিরিক্ত স্কুলের সংকট তৈরি হবে

**৫. স্থানীয় এলাকায় যথাযথ চিকিৎসা সেবা পাওয়া যায় না কেন?** ঘ

ক ডাক্তারের অভাব
খ মানসম্মত হাসপাতালের অভাব
গ অর্থনৈতিক অসচ্ছলতার ফলে
ঘ অতিরিক্ত জনসংখ্যার কারণে

### জনসংখ্যা বৃদ্ধির কারণ

➲ সাধারণ

**৬. বাংলাদেশের অর্থনীতি কিসের ওপর নির্ভরশীল?** ক

ক কৃষি খ শিল্প
গ চাকরি ঘ ব্যবসা

**৭. জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ কয়টি?** গ

ক দুটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি

**৮. শিক্ষার অভাব জনসংখ্যা বৃদ্ধির কোন ধরনের কারণ?** ক

ক সামাজিক খ ধর্মীয়
গ অর্থনৈতিক ঘ রাজনৈতিক

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** নারীদের কাজের ৰেত্র সম্পর্কে ধারণা পাব।

**৯. বাংলাদেশের জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। কিন্তু তাদের অধিকাংশই আয় বৃদ্ধিমূলক কাজে জড়িত নয়। তাহলে তারা বেশি সময় ব্যয় করে কোথায়?** গ

ক রান্নার কাজে
খ ঘর সাজাতে
গ ছেলেমেয়ে লালন–পালনে

Ⓖ সেলাইয়ের কাজে

**শিখনফল :** জনসংখ্যা বৃদ্ধির সামাজিক ও সাংস্কৃতিক কারণ সম্পর্কে জানতে পারব।

**১০. বাংলাদেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ার পেছনে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কারণ রয়েছে। নিচের কোনটি সামাজিক কারণের বহির্ভূত?** গ

ক শিৰার অভাব

খ বহু বিবাহ

গ সন্তানের উপর নির্ভরশীলতা

ঘ কুসংস্কার

**১১. অনেক বাবা-মা কেন অধিক সন্তান কামনা করেন?** ঘ

ক সংসার সমৃদ্ধির জন্য খ উত্তরাধিকারের জন্য

গ মানসিক শান্তির জন্য ঘ বৃদ্ধ বয়সে নিরাপত্তার জন্য

**১২. গ্রামের বাবা-মা কেন ছেলেসন্তান চায়?** ঘ

ক পরিবারের খ্যাতি বৃদ্ধির জন্য

খ এলাকায় ৰমতাশীল হওয়ার জন্য

গ কৃষিকাজে অধিক লোকবলের জন্য

ঘ বৃদ্ধ বয়সে নিরাপত্তার জন্য

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১. বাংলাদেশের অর্থনীতির ধরন কী?**

**উত্তর :** বাংলাদেশের অর্থনীতির ধরন কৃষিভিত্তিক।

**২. জনসংখ্যা বৃদ্ধির সামাজিক কারণ কী?**

**উত্তর :** জনসংখ্যা বৃদ্ধির সামাজিক কারণ হলো শিক্ষার অভাব, বাল্যবিবাহ, বহু বিবাহ, কুসংস্কার, ছেলে সন্তান লাভের আশা ইত্যাদি।

**৩. অতিরিক্ত জনসংখ্যার একটি কুফল উল্লেখ কর।**

**উত্তর :** অতিরিক্তি জনসংখ্যার একটি কুফল হলো- জনসংখ্যা বৃদ্ধি পেলে পরিবেশ দূষিত হয়।

**৪. বিশ্বে জনসংখ্যার ঘনত্বে ভারতের অবস্থান কত?**

**উত্তর:** বিশ্বে জনসংখ্যার ঘনত্বে ভারতের অবস্থান তেত্রিশতম।

**৫. বর্তমানে বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন মানুষ বাস করে?**

**উত্তর :** বর্তমানে বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে ১০১৫ জন মানুষ বাস করে।

**৬. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে?**

**উত্তর :** একটি দেশে প্রতি বর্গকিলোমিটারে যতজন লোক বাস করে তাকে ঐ দেশের জনসংখ্যার ঘনত্ব বলে।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ <u>সাধারণ</u>

**১. বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির কারণগুলো আলোচনা কর।**

**উত্তর :** বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির নানাবিধ কারণ রয়েছে। কারণগুলো হলো :

র. **সামাজিক কারণ :** শিক্ষার অভাব, বাল্যবিবাহ, বহু বিবাহ, কুসংস্কার, ছেলেসন্তান লাভের আশা, কর্মহীন নারী ইত্যাদি।

রর. **অর্থনৈতিক কারণ :** গ্রামাঞ্চলে কৃষিকাজে লোকবল বেশি প্রয়োজন পড়ে বলে অধিক সন্তানের জন্মদান, বৃদ্ধ বয়সে মা-বাবা ছেলেসন্তানের উপর নির্ভর করবে বিধায় ছেলেসন্তান কামনা, ছেলেরা পরিবারের জন্য আয় করবে এই আশায় কন্যাসন্তান থাকা সত্ত্বেও অধিক জন্মদান ইত্যাদি কারণে জনসংখ্যা বাড়ছে।।

ররর. **ধর্মীয় কারণ :** ধর্মীয় কারণে অনেক মানুষই বিশ্বাস করেন যে সৃষ্টিকর্তা যেহেতু আমাদের সৃষ্টি করেছেন, তাই সবার খাবার ব্যবস্থাও তিনি করবেন। এই ধারণাও জনসংখ্যা বৃদ্ধিতে ভূমিকা রাখে।

রা. **অন্যান্য :** উচ্চ জন্মহার, নিম্ন মৃত্যুহার, জনসংখ্যা সম্পর্কে সরকারের পরিকল্পনা ও নীতিমালার বারবার পরিবর্তন এবং

পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতার অভাব ইত্যাদির কারণেও জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

২. **জনসংখ্যা বৃদ্ধির ফলে কী কী সমস্যা হচ্ছে?**

**উত্তর :** জনসংখ্যা বৃদ্ধির ফলে নানা রকম সমস্যা হচ্ছে। যেমন :

র. অতিরিক্ত জনসংখ্যার ফলে বিভিন্ন ভাবে পরিবেশ দূষিত হচ্ছে।

রর. অনেকেই শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হচ্ছে।

ররর. সবাই চিকিৎসা সেবা পাচ্ছে না।

রা. বেকারত্বের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

া. গ্রামে ও শহরে অপরাধের মাত্রা বৃদ্ধি পাচ্ছে।

৩. **জনসংখ্যা কমানোর জন্য পাঁচটি করণীয় উল্লেখ কর।**

**উত্তর :** জনসংখ্যা কমানোর পাঁচটি করণীয় হলো :

র. শিক্ষার প্রসার ঘটাতে হবে। কারণ শিক্ষিত জনগণ অতিরিক্ত জনসংখ্যার কুফল বোঝে। তাই তারা পরিবারে কম সন্তান নিয়ে সন্তুষ্ট থাকে।

রর. জনসংখ্যা সম্পর্কে সরকারের স্থায়ী পরিকল্পনা ও নীতিমালা গ্রহণ করতে হবে।

ররর. পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে হবে।

রা. নারীদের যদি কর্মমুখী করা যায় তাহলে তারা কর্মের খাতিরে কম সন্তান নিতে চাইবে।

া. সামাজিক, অর্থনৈতিক ও ধর্মীয় মূল্যবোধ সুদৃঢ় করা। যেন ছেলে ও মেয়ের মধ্যে কোনো ভেদাভেদ না রেখে উভয়কেই সমান চোখে দেখা হয়।

৪. **পরিবারে অধিক সন্তান জন্ম নেওয়ার পাঁচটি খারাপ দিক উল্লেখ কর।**

**উত্তর :** পরিবারে অধিক সন্তান জন্ম নেওয়ার পাঁচটি খারাপ দিক নিচে উল্লেখ করা হলো :

র. সবার পড়ালেখা নিশ্চিত করা কষ্টসাধ্য হয়।

রর. অসুখ হলে সবাই সঠিকভাবে চিকিৎসা সেবা পায় না।

ররর. সবাইকে পর্যাপ্ত পুষ্টিসমৃদ্ধ খাবার দেওয়া সম্ভব হয় না ।

রা. লেখাপড়া শেষে চাকরির জন্য কঠিন প্রতিযোগিতার সম্মুখীন হতে হয়।

া. পরিবারে অস্বাস্থ্যকর পরিবেশ বিরাজ করে।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

৫. **গত তিন বছরে তোমার এলাকায় জনসংখ্যা দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। এ সমস্যা থেকে উত্তরণের পাঁচটি উপায় উল্লেখ কর।**

**উত্তর :** জনসংখ্যা বৃদ্ধিসংক্রান্ত সমস্যা থেকে উত্তরণের পাঁচটি উপায় নিচে উল্লেখ করা হলো :

র. এলাকায় শিক্ষার প্রসার ঘটাতে হবে।

রর. বাল্যবিবাহ ও বহু বিবাহ বন্ধের পদক্ষেপ নিতে হবে।

ররর. নারীদের জন্য যথাযথ কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।

রা. পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা সম্পর্কে সকল বিবাহিত নর-নারীকে অবগত করতে হবে।

া. 'অধিক জনসংখ্যার কুফল' সম্পর্কিত প্রচারণার ব্যবস্থা করতে হবে।